অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/23/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইস্টার্ন ইকুইন এনসেফালাইটিস নিশ্চিত কেসের পর স্টেটব্যাপী পদক্ষেপ ঘোষণা করলেন

আলস্টার কাউন্টিতে 2015 সালের পর থেকে নিউ ইয়র্কের প্রথম মানব EEE কেসের ব্যক্তি মৃত্যুবরণ করেছে

স্টেট জনস্বাস্থ্যের একটি তাৎক্ষণিক ঝুঁকির ঘোষণা জারি করেছে এবং মশার কামড় থেকে হওয়া অসুস্থতার ঝুঁকি হ্রাস করার জন্য সুপারিশ অনুসরণ করতে নিউ ইয়র্কবাসীকে তাগিদ প্রদান করেছে

গভর্নর একাধিক এজেন্সিকে সক্রিয় করেছেন এবং স্টেট এবং স্থায়ী স্বাস্থ্য কর্মকর্তাদের মধ্যকার সমন্বয় বৃদ্ধি করেছেন

ব্যবস্থার মধ্যে রয়েছে মশার জন্য স্প্রে করা, স্টেট পার্ক এবং ক্যাম্পগ্রাউন্ডসমূহে দর্শনার্থীদের জন্য আরো পোকামাকড়ের প্রতিরোধক

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্কে 2015 সালের পর থেকে প্রথম ইস্টার্ন ইকুইন এনসেফালাইটিস (eastern equine encephalitis, EEE) কেসের ব্যক্তির মৃত্যুর খবরের পর জনস্বাস্থ্যকে সুরক্ষিত রাখতে স্টেটব্যাপী পদক্ষেপ ঘোষণা করেছেন। 20 সেপ্টেম্বর স্টেটের স্বাস্থ্য বিভাগের (Health Department, DOH) ওয়াডসওয়র্থ সেন্টারের (Wadsworth Center) দ্বারা নিশ্চিত করা কেসটির তদন্ত করছে আলস্টার কাউন্টির স্বাস্থ্য বিভাগ (Ulster County Department of Health)।

স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড EEE এর জন্য জনস্বাস্থ্যের একটি তাৎক্ষণিক ঝুঁকির ঘোষণা জারি করেছেন। ঘোষণাটি স্থানীয় স্বাস্থ্য বিভাগসমূহের EEE প্রতিরোধের সাড়াদান ও কর্মকাণ্ডকে সমর্থন করতে সাহায্য করার জন্য স্টেটের সংস্থান উন্মোচিত করে, যার মধ্যে রয়েছে 30 সেপ্টেম্বর থেকে 30 নভেম্বর, 2024 পর্যন্ত চলমান মশার জন্য স্প্রে করার প্রয়াস।

EEE এর কেস নিশ্চিত হওয়ার পর অবিলম্বে গভর্নর স্বাস্থ্য বিভাগ, পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC), এবং পার্ক বিভাগসহ (Parks Department) একাধিক স্টেট এজেন্সিকে একটি বলীয়ান, সমন্বিত সাড়াদানের জন্য সক্রিয়

করেন যাতে স্টেট পার্ক এবং ক্যাম্পগ্রাউন্ডসমূহে পোকামাকড়ের প্রতিরোধকের অ্যাক্সেস সম্প্রসারিত করা যায়, জনগণের আউটরিচ বৃদ্ধি করা যায় এবং মশাবাহিত অসুস্থতার ঝুঁকি হ্রাস করার জন্য সুপারিশ অনুসরণ করতে নিউ ইয়র্কবাসীকে তাগিদ প্রদান করা যায়।

"নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা আমার শীর্ষ অগ্রাধিকার," **গভর্নর হোকল বলেন।** "EEE এর প্রথম নিশ্চিত কেসের পর সম্প্রদায়সমূহকে সুরক্ষিত রাখতে আমার প্রশাসন স্টেটব্যাপী পদক্ষেপ গ্রহণ করেছে, এবং আজকের ঘোষণার মাধ্যমে স্থানীয় বিভাগসমূহকে তাদের জনস্বাস্থ্য সাড়াদানে সমর্থন করার জন্য আমরা তাদের জন্য আরো সংস্থান উপলভ্য করছি। আমাদের জানানো হয়েছে যে এই রোগী EEE তে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছে, আমরা সমবেদনা প্রকাশ করছি এবং তার পরিবারের জন্য আমরা ব্যথিত।"

স্টেটের পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation) পার্কের অফিস, দর্শনার্থী কেন্দ্র এবং ক্যাম্পগ্রাউন্ডের অফিসে পার্কের দর্শনার্থীদের জন্য মশার প্রতিরোধক উপলভ্য করছি। স্টেট পার্কস EEE সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে পার্ক এবং ঐতিহাসিক সাইটে সাইনেজ স্থাপন করছে এবং আক্রান্ত এলাকায় মশার চূড়ান্ত সক্রিয়তার সময়ে পার্কের সময়সূচি ও ক্যাম্পিংয়ের উপলভ্যতা সীমিত করার ব্যাপারে স্থানীয় স্বাস্থ্য বিভাগসমূহের সাথে পরামর্শ করেছে।

পাশাপাশি, DEC ফ্যাসিলিটি, ক্যাম্পগ্রাউন্ড, জনপ্রিয় হাডসন ভ্যালি ট্রেইলহেড, পরিবেশ সংক্রান্ত শিক্ষা কেন্দ্র, এবং অন্যান্য স্টেটের জমিতে EEE সম্পর্কে সচেতনতা বৃদ্ধির সাইনেজ DEC স্থাপন করছে। এছাড়াও ক্যাম্পগ্রাউন্ডে রিজার্ভেশনসহ ব্যক্তিদেরকে মশার কামড় এড়াতে তারা যেসব প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারে সে সম্পর্কে DEC এবং স্টেট পার্কস তাদের সতর্ক করছে। এছাড়াও EEE এবং অন্যান্য মশা সংক্রমিত প্যাথোজেন সম্পর্কে এবং মশার কামড় এড়ানোর ধাপ, যেমন প্রতিরোধক ব্যবহার, ত্বকের বের হয়ে থাকা অংশ ঢেকে রাখা, এবং ভোরবেলা ও গোধূলির সময় ঘরের বাইরের কর্মকাণ্ড এড়ানো সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে DOH, DEC এবং স্টেট পার্কস একটি সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন শুরু করছে।

স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "এই বছরের ইস্টার্ন ইকুইন এনসেফালাইটিস ভিন্ন। যদিও সাধারণত আমরা প্রতি বছর দুই থেকে তিনটি কাউন্টিতে এই মশা দেখে থাকি, কিন্তু এই বছর এখন পর্যন্ত 15টি কাউন্টিতে তা দেখা গেছে, এবং তা পুরো নিউ ইয়র্ক স্টেটে ছড়িয়ে পড়েছে। জীবনকে ঝুঁকিগ্রস্ত করা এই মশাবাহিত রোগটির জন্য কোনো মানব টীকা বাণিজ্যিকভাবে উপলভ্য নেই এবং এই বিষয়কে অবশ্যই গুরুত্ব দিতে হবে। যে মশা একসময় বিরক্তির কারণ ছিলো, তা এখন একটি হুমকি। পোকামাকড়ের প্রতিরোধক ব্যবহার করে, ফুলহাতা পোশাক পরিধান করে এবং নিজেদের বাড়ির কাছের জমে থাকা পানি অপসারণ করার মাধ্যমে মশার কামড় এড়ানোর জন্য আমি সকল নিউ ইয়র্কবাসীকে তাগিদ প্রদান করছি। শরৎ আনুষ্ঠানিকভাবে চলে এসেছে, কিন্তু বরফ জমার কম তাপমাত্রার একাধিক রাত আসার আগ পর্যন্ত মশা থেকে যাবে।"

স্টেট পার্কসের কমিশনার প্রো টেম্পোর র্যান্ডি সিমোন্স বলেন, "EEE এর ঝুঁকির সাথে পরিচিত হতে এবং মশার কামড় এড়াতে সতর্কতা অবলম্বন করার জন্য পার্কের দর্শনার্থী এবং ঘরের বাইরে থাকতে পছন্দ করা ব্যক্তিদের আমরা উৎসাহিত করছি। এই সমস্যার সমাধানে

বাড়তি কোনো সুপারিশকৃত পদক্ষেপ নেওয়ার ব্যাপারে স্টেটের স্বাস্থ্য বিভাগ এবং স্থানীয় জনস্বাস্থ্য এজেন্সিসমূহের সাথে সমন্বয় করা আমরা অব্যাহত রাখবো।"

স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের অন্তর্বর্তীকালীন কমিশনার শন মাহার বলেন, "ইস্টার্ন ইকুইন এনসেফালাইটিস একটি মারাত্মক উদ্বেগ, বিশেষ করে তাদের জন্য যারা শরতের আবহাওয়াতে ঘরের বাইরে সময় কাটানো উপভোগ করে। নিউ ইয়র্কবাসীরা ঝুঁকি সম্পর্কে এবং মশাবাহিত অসুস্থতা প্রতিরোধ করতে তারা যেসব সতর্কতা অবলম্বন করতে পারে তা সম্পর্কে সচেতন আছে তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য আমাদের স্টেট এবং স্থানীয় অংশীদারদের সাথে নিবিড় সমন্বয় করা DEC অব্যাহত রাখবে।"

নিউ ইয়র্ক স্টেটের সাম্প্রতিক মানব কেসটি সনাক্ত করেছে ওয়াডসওয়র্থ সেন্টার। এছাড়াও ম্যাসাচুসেটস, ভারমন্ট, নিউ জার্সি, রোড আইল্যান্ড, উইসকন্সিন এবং নিউ হ্যাম্পশায়ারসহ অন্যান্য স্টেটও এই বছর মানব EEE কেস সম্পর্কে জানিয়েছে। এই বছর নিউ ইয়র্ক স্টেটের 12টি কাউন্টিতে EEE এর আঠারোটি কেস সনাক্ত করা হয়েছে।

ইস্টার্ন ইকুইন এনসেফালাইটিস একটি বিরল কিন্তু মারাত্মক ভাইরাল ব্যাধি যা জীবাণুবাহী মশার দ্বারা বিস্তার করে এবং মানুষ ও ঘোড়াকে আক্রান্ত করতে পারে। যেকোনো বয়সের মানুষ সংক্রমণের শিকার হতে পারে, কিন্তু 50 বছরের বেশি এবং 15 বছরের কম বয়সী ব্যক্তিদের ভাইরাসে আক্রান্ত হওয়ার ঝুঁকি বেশি।

যদিও আক্রান্ত মশার কামড় খাওয়া অধিকাংশ ব্যক্তির মধ্যে লক্ষণ দেখা যাবে না, কিন্তু হঠাৎ মাথা ব্যথা, অনেক বেশি জ্বর, কাঁপুনি এবং বমি করার মাধ্যমে তীব্র কেসের সূচনা হতে পারে। এরপর অসুস্থতা বৃদ্ধি পেয়ে বিভ্রান্তি, খিঁচুনি, এনসেফালাইটিস এবং কোমার কারণ হতে পারে। EEEতে আক্রান্ত রোগীদের প্রায় এক তৃতীয়াংশ মারা যান, যখন EEE থেকে বেঁচে থাকা অনেক রোগী স্নায়বিক বৈকল্যের সম্মুখীন হন।

EEE এর জন্য বাণিজ্যিকভাবে উপলভ্য কোনো মানব টীকা নেই এবং প্রতিরোধের সেরা উপায় হলো মশার কামড় থেকে দূরে থাকা।

EEE এবং অন্যান্য মশাবাহিত অসুস্থতার সংক্রমণের ঝুঁকি হ্রাস করতে নিম্নলিখিত সতর্কতাগুলি সুপারিশ করা হচ্ছে:

- গোধূলি বা ভোরবেলায় ঘরের বাইরে থাকলে ফুলহাতা জামা পড়া এবং মোজার ভেতর প্যান্ট গুঁজে রাখা বা প্যান্টে শার্ট গুঁজে রাখার কথা বিবেচনা করুন, কারণ দিনের এই সময়েই মশা সবথেকে বেশি সক্রিয় থাকে।
- N,N-ডাইইথাইল-মেটা-টলুমাইড (N,N-diethyl-meta-toluamide, DEET) আছে এমন পোকামাকড়ের প্রতিরোধক ব্যবহার করুন। পোকামাকড় প্রতিরোধকের লেবেলটির নির্দেশাবলী মেনে চলতে ভুলবেন না। শিশুদের সরাসরি প্রতিরোধকগুলির পরিচালনা করা উচিত নয়। বরং, প্রাপ্তবয়স্কদের উচিত প্রথমে নিজেদের হাতে প্রতিরোধক লাগানো এবং এরপর শিশুর বের হয়ে থাকা ত্বকে যত্ন করে তা লাগিয়ে দেওয়া। শিশুদের হাতে

সরাসরি প্রয়োগ করা এড়িয়ে চলুন। ঘরে ফেরার পর, আপনার শিশুদের ওষুধযুক্ত ত্বক এবং কাপড় সাবান ও পানি দিয়ে ধুয়ে দিন বা শিশুকে গোসল করিয়ে দিন।

- নিশ্চিত করুন যে বাসার জানালা ও দরজায় স্ক্রিন রয়েছে। নিশ্চিত করুন যে পর্দাগুলি যেন ফেটে যাওয়া, ছিঁড়ে যাওয়া, এবং গর্ত থেকে মুক্ত থাকে।
- উঠান এবং বাসা এবং সম্পত্তির চারপাশ থাকে সকল জমে থাকা পানি অপসারণ করতে হবে যেখানে মশা বংশবিস্তার করতে পারে, যার মধ্যে রয়েছে প্লাস্টিক কন্টেইনার, পুলের ঢাকনা, ছোট পুল, সিরামিক পট, আটকে থাকা ড্রেনের পাইপ এবং হুইলবরো। এছাড়াও, পাখির জন্য রাখা পানি সপ্তাহে দুইবার বদল করতে হবে।

EEE সম্পর্কে আরো তথ্যের জন্য, DOH এর ওয়েবসাইটে যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন